গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০১২.০৯.০৩২.১৭.২৭৬

তারিখঃ ১১ ফাল্গুন ১৪২৭ / ২৪ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী

সূত্র: স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২০২১.১৮, তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এঁর সভাপতিত্বে ৩১-০১-২০২১ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীতে উল্লিখিত সংশ্লিষ্ট কর্মসূচির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০৬ (ছয়) পাতা।

২৪.০২.২০২১

(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩৩৭
ইমেইলঃ admin1@ssd.gov.bd

বিতরণ:

১. অতিরিক্ত সচিব, ----------------(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা
৩. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা
৪. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা
৫. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
৬. যুগ্মসচিব ------------------------------- (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৭. উপসচিব ------------------------------- (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৮. সিনিয়র সহকারী সচিব --------------------- (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৯. প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০. সহ: সচিব/সহ: প্রোগ্রামার/সহ: মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার----------------- (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
১১. হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

স্মারক নং-৫৮.০০.০০০০.০১২.০৯.০৩২.১৭.২৭৬

তারিখঃ ১১ ফাল্গুন ১৪২৭ / ২৪ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি:

সিনিয়র সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(মোঃ আবদুল কাদির)
উপসচিব

| স্বরাষ্ট্র মন্ত্রণালয় সুরক্ষা সেবা বিভাগ সিনিয়র সচিবের দপ্তর | ডায়েরি নম্বর: ৫৩৮ |
|---|---|
| | তারিখ: ১৫/২/২১ |
| অতিরিক্ত সচিব (প্রশা: ও অর্থ) | ☐ জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিন। |
| অতিরিক্ত সচিব (নিরা: ও নারী) | ☐ জরুরি উপস্থাপন করুন। |
| অতিরিক্ত সচিব (আইন) | ☐ পরীক্ষান্তে উপস্থাপন করুন। |
| অতিরিক্ত সচিব (কারা) | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন। |
| অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য) | |
| অতিরিক্ত সচিব (অগ্নি ও সুরক্ষা) | |
| অতিরিক্ত সচিব (নিরাপত্তা) | সিনিয়র সচিব |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

বিষয়ঃ ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃ মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) অনুবিভাগ | |
|---|---|
| যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন/বাজেট/মিশন) | |
| উপসচিব/সিঃসহঃ সচিব/সহঃ সচিব (প্রশাসন-১/২ ৩) (বাজেট-১/ ২) মিশন শাখা-১/২) | |
| নং- ৮২৮ ১৫.০২.২১ | স্বাক্ষর: তারিখ: |

সভাপতি : আ. ক. ম. মোজাম্মেল হক, এমপি
মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ৩১-০১-২০২১, সকাল: ১১.০০ টা।
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬০৫)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ. ক. ম. মোজাম্মেল হক, এমপি এঁর সভাপতিত্বে ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২১ এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ এর জাতীয় কর্মসূচি প্রণয়ন এবং উহা বাস্তবায়নের উদ্দেশ্যে বিভিন্ন কমিটি, উপ-কমিটি গঠন ও কমিটির দায়িত্ব নিরুপণের জন্য ৩১-০১-২০২১ তারিখে এক আন্তঃ মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

০২। সভার প্রারম্ভে মন্ত্রণালয়ের সচিব উপস্থিত সকলকে স্বাগত জানান। বক্তব্যের শুরুতেই তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, যার-জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। তিনি দেশের জন্য আত্মদানকারী সকল শহিদকে শ্রদ্ধাভরে স্মরন করেন। তিনি বলেন পাকিস্তানি বাহিনী ২৫শে মার্চ রাতে বিশেষ করে রাজারবাগ পুলিশ লাইন, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ যে সমস্ত জায়গায় নারকীয় হত্যাযজ্ঞ শুরু করেছিল যার ফলে বাংলাদেশে লক্ষ লক্ষ মানুষ জীবন দিয়েছেন এবং অন্যান্য অত্যাচারের সম্মুখীন হয়েছেন। ফলশ্রুতিতে ৯ মাসের দীর্ঘ যুদ্ধের পরিনতিতে ১৬ই ডিসেম্বর বাংলাদেশ স্বাধীন দেশ হিসেবে আত্মপ্রকাশ করে। তিনি জানান প্রতি বছর যে নির্ধারিত প্রোগ্রাম থাকে গণহত্যা দিবস এবং ২৬শে মার্চ এর মূলত সেটি এখন আলোচনা হবে। তিনি বলেন এ বছর আমাদের দেশ ও জাতির জন্য এক পরম সৌভাগ্যের বছর। ২০২১ সাল মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী। তাছাড়া জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী কর্মসূচি ১৬ই ডিসেম্বর ২০২১ সাল পর্যন্ত বর্ধিত করা হয়েছে। সুতরাং ২০২১ সাল বাঙালী জাতির জীবনে বাংলাদেশের সকল মানুষের জীবনে একটি অত্যন্ত মহিমান্বিত বছর। সারা বছর জাতির পিতার জন্মশত বার্ষিকীর অনুষ্ঠানসমূহ পালিত হবে। এর সঙ্গে সঙ্গে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ইতোমধ্যেই যে কর্মসূচি নেয়া হয়েছে সেগুলো পালিত হবে এবং ২৫শে মার্চ গণহত্যা দিবস ও ২৬শে মার্চ স্বাধীনতা দিবসের যে নির্ধারিত কর্মসূচি আছে সেটিও পালিত হবে। তিনি সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যেই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উদযাপন জাতীয় কমিটি কর্তৃক ১৭ই মার্চ থেকে অর্থাৎ বঙ্গবন্ধুর জন্মদিন থেকে ২৬শে মার্চ পর্যন্ত ১০ দিনের একটি বিস্তারিত কর্মসূচি প্রণয়ন করা হয়েছে যেটি মাননীয় প্রধানমন্ত্রী ইতোমধ্যে অনুমোদন করেছেন। এই প্রোগ্রামের মধ্যে ২৬শে মার্চ সুবর্ণজয়ন্তীর উদ্বোধনী এবং ২৫শে মার্চেরও জাতীয় যে কর্মসূচি সেটি নির্ধারিত রয়েছে। তিনি আরও অবহিত করেন যে, সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী এবং মহামান্য রাষ্ট্রপতির উপস্থিতিতে যে উদ্বোধনী কর্মসূচি ২৬শে মার্চ শুরু হবে সেটি সারা বছরব্যাপী সুবর্ণজয়ন্তীর জন্য অন্যান্য কর্মসূচি হিসেবে থাকবে। তিনি বলেন যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় উদ্যোগী মন্ত্রণালয় হিসেবে ২৬শে মার্চ থেকে ১৬ই ডিসেম্বর ২০২১ পর্যন্ত জাতীয় পর্যায়ে, জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায় পর্যন্ত কর্মসূচি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এ পর্যায়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়কে সূচনামূলক বক্তব্য প্রদানের জন্য তিনি অনুরোধ জানান।

০৩ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ. ক. ম. মোজাম্মেল হক, এমপি মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের কর্মসূচির বিষয়ে বিস্তারিত আলোচনার পূর্বে ২৫ মার্চ গণহত্যা দিবসের প্রেক্ষাপট তুলে ধরে জানান, ১৯৭১ সালের ২৫ মার্চ বাঙালি জাতির জীবনে এক ভয়াবহ রক্তাক্ত ইতিহাসের দিন। সেই কালরাতে পাকিস্তানি সেনাবাহিনী কাপুরুষের ন্যায় রাতের অন্ধকারে সশস্ত্র হিংস্রতা নিয়ে ঝাঁপিয়ে পড়ে ঘুমন্ত বাঙালির উপর। পাকিস্তানি সামরিক শাসক ইয়াহিয়ার নির্দেশে, জেনারেল টিক্কা খানের নেতৃত্বে "অপারেশন সার্চ লাইট" নামের সামরিক অভিযানে সংঘটিত হয় ইতিহাসের জঘন্যতম নারকীয় গণহত্যা

অপর পৃষ্ঠা-০২ দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা পর-

এ জঘন্য হত্যাকাণ্ড সারা বিশ্বের মানবতাকে আঘাত করে এবং সারা বিশ্বে এর প্রতিবাদ হয়। আন্তর্জাতিকভাবে ৯ আগস্ট গণহত্যা দিবস পালিত হলেও ২৫ মার্চ কালরাত্রিতে বাংলাদেশের গণহত্যা অন্য যে কোন দেশের গণহত্যার চেয়ে অনেক বেশি রক্তক্ষয়ী। তিনি জানান যে ২৫ মার্চ গণহত্যাকে আন্তর্জাতিক গণহত্যা দিবস হিসাবে পালনের জন্য সংসদে প্রস্তাব করা হয়েছে। তবে নিয়ম আছে প্রচলিত কোন দিবসকে পরিবর্তন করতে চাইলে জাতিসংঘে উঠিয়ে ভোটের মাধ্যমে পরিবর্তন করতে হবে। তিনি সভাকে অবহিত করেন যে, আমরা কূটনৈতিকভাবে বিভিন্ন দেশ/মিশনের সাথে আলোচনা করে ০৯ই আগষ্টের পরিবর্তে ২৫শে মার্চকে আন্তর্জাতিকভাবে গণহত্যা দিবস হিসেবে পালন করার প্রচেষ্টা অব্যাহত রেখেছি। তিনি উল্লেখ করেন যে, ২৫শে মার্চ এবং ২৬শে মার্চের জাতীয় কর্মসূচি রয়েছে যা আমরা প্রতিবছরই পালন করি। এই কর্মসূচি পাঠ করার পর যদি মনে হয় আরও কিছু সংযোজন করা প্রয়োজন সেক্ষেত্রে প্রস্তাব উত্থাপন করা জন্য তিনি অনুরোধ জানান। তিনি জানান ২৬শে মার্চের যে সকল কর্মসূচি রয়েছে এ বছরও যথারীতি সেগুলো অব্যাহত থাকবে। পাশাপাশি স্বাধীনতার ৫০ বছর পূর্তি অর্থাৎ সুবর্ণজয়ন্তী এবং একই সাথে যার জন্ম না হলে আমাদের দেশ স্বাধীন হতো না আমাদের মহান নেতা, মহান শিক্ষক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী একসাথে পালিত হবে। তিনি এ পর্যায়ে গভীর শ্রদ্ধার সাথে স্মরন করেন মহান স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং দেশের সকল বীর শহিদদের। এছাড়া ১৫ই আগষ্ট শাহাদাৎবরণকারী এবং দেশের জন্য যারা আত্মত্যাগ করেছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে কর্মসূচি নিয়ে আলোচনার আহবান জানান।

০৪। **সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২১ এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২১ উদযাপনের লক্ষ্যে নিম্নরূপ প্রস্তাবিত খসড়া জাতীয় কর্মসূচি সর্বসম্মতিক্রমে প্রণয়ন করা হয়ঃ**

<u>২৫ মার্চ গণহত্যা দিবস ২০২১ পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচিঃ</u>

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১। | ২৫-০৩-২০২১ | জাতির উদ্দেশ্য মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী। | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব/ মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব/তথ্য মন্ত্রণালয়। |
| ০২। | ০১-৩-২০২১ থেকে ২৫-৩-২০২১ পর্যন্ত | স্কুল/কলেজ/মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের কণ্ঠে ২৫ মার্চ গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা | মন্ত্রিপরিষদ বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, তথ্য মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রশাসক, মুক্তিযোদ্ধা সংসদ। |
| ০৩। | ২৫-৩-২০২১ (দুপুর ১২.০০ টা থেকে ঢাকাসহ সকল সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে গণহত্যার ভয়াবহতার চিত্র প্রচার) | গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন (সকল)। |
| ০৪। | ২৫-৩-২০২১ বাদ জোহর/সুবিধাজনক সময়ে | সারা দেশে ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনা | মন্ত্রিপরিষদ বিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ০৫। | ২৫-৩-২০২১ সকাল ১০-০০ টা | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে আলোচনা সভা | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ০৬। | ২৫-৩-২০২১ | গণহত্যা ও মুক্তিযুদ্ধ বিষয়ক গীতিনাট্য/সাংস্কৃতিক অনুষ্ঠান | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, শিল্পকলা একাডেমী, শিশু একাডেমী, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ০৭। | ২৫-৩-২০২১ (রাত ০৯-০০ থেকে ০৯-০১ মিনিট পর্যন্ত) | সারা দেশে প্রতীকি ব্ল্যাক-আউট ০১(এক) মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) | মন্ত্রিপরিষদ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, বিদ্যুৎ বিভাগ, তথ্য মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |

অপর পৃষ্ঠা-৩ সদয় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা পর-

## ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচিঃ

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১। | ২৬-০৩-২০২১ | জাতির উদ্দেশ্য মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী। | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব/ মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব/তথ্য মন্ত্রণালয়। |
| ২। | ২৬-০৩-২০২১ | সাধারণ ছুটি ঘোষণা (দিবসের কর্মসূচিতে সকলের অংশগ্রহনের সুবিধার্থে) | জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| ৩। | ২৬-৩-২০২১ | ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)<br><br>খ) ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন। (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) | ক) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ভবনের মালিক।<br><br>খ) মন্ত্রিপরিষদ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল।<br>বিঃদ্রঃ তথ্য মন্ত্রণালয় হতে বিটিভি, বেতার ও বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা উত্তোলনের বিধি-বিধান জনসাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৪। | (কোনক্রমেই ২৫/০৩/২০২১ তারিখ আলোকসজ্জা করা যাবে না। ২৬/০৩/২০২১ সন্ধ্যা থেকে আলোকসজ্জা করা যাবে) | গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা। | গণপূর্ত অধিদপ্তর, বিদ্যুৎ বিভাগ, সকল সিটি কর্পোরেশন, বেসরকারি ভবনের মালিক/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ৫। | ২৬-৩-২০২১ | ক) ঢাকায় প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনি।<br>খ) জেলা ও উপজেলায় প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনি। | ক) সশস্ত্র বাহিনী বিভাগ<br>খ) জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী অফিসার, থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা। |
| ৬। | ২৬-০৩-২০২১ (ভোর ৫.৫৬) | সূর্যোদয়ের সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ। | রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, বিভাগীয় কমিশনার, ঢাকা, ডিআইজি, ঢাকা রেঞ্জ, জেলা প্রশাসক, ঢাকা, পুলিশ সুপার, ঢাকা। |
| ৭। | ২৬-৩-২০২১ | (ক) সাভার জাতীয় স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ।<br>(খ) বাংলাদেশে অবস্থিত বিদেশী কূটনীতিকদের সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ। | (ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, জন নিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল।<br>(খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। |
| ৮। | ২৬-০৩-২০২১ (মাননীয় প্রধানমন্ত্রীর নির্ধারিত তারিখ ও সময়ে) | স্বাধীনতা পুরস্কার প্রদান। | মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ৯। | ২৬-৩-২০২১ সকাল ৮:০০ টায় | বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশ। | জেলা প্রশাসন, ঢাকা। |

অপর পৃষ্ঠা-৪ সদয় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা পর-

| | | | |
|---|---|---|---|
| ১০। | ২৬-০৩-২০২১ সকাল ৮.০০ টায় | দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে কুচকাওয়াজ, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত পরিবেশন এবং ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান। | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, জন নিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ১১। | ২৩-০৩-২০২১ থেকে ৩১-০৩-২০২১ | সমরাস্ত্র প্রদর্শনী | (২০১৯ সালে এ কর্মসূচি গ্রহণ করা হয়েছিল এবং প্রতি ১ বছর অন্তর এ কর্মসূচি অনুষ্ঠিত হয় বিধায় এ বছর সমরাস্ত্র প্রদর্শনী হতে পারে)<br>প্রতিরক্ষা মন্ত্রণালয় ও সশস্ত্র বাহিনী বিভাগ। |
| ১২। | ২৬-০৩-২০২১ | নৌকা বাইচ (যেখানে সম্ভব)/কাবাডি ফেডারেশনের ব্যবস্থাপনায় কাবাডি প্রতিযোগিতার আয়োজন। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয়/ফায়ার সার্ভিস, জাতীয় ক্রীড়া পরিষদ, জেলা প্রশাসক (সকল), কাবাডি ফেডারেশন, রোয়িং ফেডারেশন। |
| ১৩। | ২৬-০৩-২০২১ | ক) ঢাকায় নির্দিষ্ট স্থানসমূহে সেনাবাহিনী, নৌ-বাহিনী, বিমান বাহিনী, বিজিবি, কোষ্টগার্ড, পুলিশ, আনসার ও ভিডিপি'র বাদকদল কর্তৃক বাদ্য পরিবেশন।<br>খ) ২৬ মার্চ ২০২১ তারিখ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গণযোগাযোগ অধিদপ্তর কর্তৃক সোহরাওয়ার্দী উদ্যানের উন্মুক্ত নাট্যমঞ্চ (অ্যাম্পিথিয়েটার) থেকে ভ্রাম্যমান ট্রাকে রাজধানীর বিভিন্ন এলাকায় এবং সদরঘাট থেকে আশুলিয়া পর্যন্ত নৌ পথে বিশিষ্ট শিল্পীগণের অংশগ্রহণে দেশাত্নবোধক সংগীত পরিবেশন। | ক) সশস্ত্র বাহিনী বিভাগ, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ।<br>খ) তথ্য মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/গণযোগাযোগ অধিদপ্তর। |
| ১৪। | ২৬-৩-২০২১ | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে জাতীয় পতাকা উত্তোলন, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান, সাংস্কৃতিক অনুষ্ঠান ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন এবং বিদেশী পত্র-পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র (সংশ্লিষ্ট দেশের ভাষা ও ইংরেজীসহ) প্রকাশ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ। |
| ১৫। | ০১-৩-২০২১ থেকে ৩১-৩-২০২১ | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস ভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, বিটিভি, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, ডিএফপি, গণযোগাযোগ অধিদপ্তর। |
| ১৬। | ২৬-৩-২০২১ | সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র এবং পোস্টার প্রকাশ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর। |
| ১৭। | ২৬-৩-২০২১ | জাতির শান্তি, সমৃদ্ধি দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা, ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/প্রার্থনা। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট। |
| ১৮। | ১৮-৩-২০২১ থেকে ২৬-০৩-২০২১ | ক) "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন" বিষয়ে আলোচনা।<br>খ) জাতীয় পর্যায়ে রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন।<br>গ) সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন। | ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, তথ্য মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।<br>খ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।<br>গ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |

অপর পৃষ্ঠা-৫ সদয় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা পর-

| | | | |
|---|---|---|---|
| ১৯। | ২৬-৩-২০২১ | দেশের সকল হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, পথশিশু পুনর্বাসন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে প্রতিষ্ঠান ও শিশু দিবা যত্ন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, জন নিরাপত্তা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| ২০। | ২৬-০৩-২০২১ | চট্টগ্রাম, খুলনা ও মংলা বন্দর ও পায়রা বন্দর ঢাকার সদরঘাট, নারায়নগঞ্জের পাগলা, বরিশাল ও চাঁদপুর বিআইডব্লিউটিএ ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও কোস্টগার্ডের জাহাজসমূহ বিকাল ২টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা। | সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ নৌ-বাহিনী কোস্টগার্ড, নৌ-পরিবহন মন্ত্রণালয়, জন নিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ। |
| ২১। | ২৬-০৩-২০২১ | ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ। | স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, রেলপথ মন্ত্রণালয়, সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ২২। | ২৬-০৩-২০২১ | জেলা ও উপজেলা সদরে মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান। | জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রশাসক, মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল। |
| ২৩। | ২৬-০৩-২০২১ | জাতীয় ও জেলা পর্যায়ে মহিলাদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধ ভিত্তিক আলোচনা সভা, বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক নির্ধারিত সময়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, শিশু একাডেমী ও জাতীয় মহিলা সংস্থা। |
| ২৪। | ২৬-০৩-২০২১ | দেশের সকল শিশু পার্ক, বোটানিক্যাল গার্ডেন, চিড়িয়াখানা, বঙ্গবন্ধু নভো থিয়েটার, জাতীয় জাদুঘর, সামরিক জাদুঘর, বঙ্গবন্ধু সাফারী পার্ক, মুক্তিযুদ্ধ জাদুঘর, পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর, বিজিবি জাদুঘর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, স্বাধীনতা জাদুঘর, গণহত্যা জাদুঘর, খুলনা কর্তৃক শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা করা। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ, সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ ও জেলা প্রশাসক (সকল), সংশ্লিষ্ট নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট পৌরসভা। |
| ২৫। | ০১-৩-২০২১ থেকে ৩১-৩-২০২১ | ক) জেলা এবং উপজেলা পর্যায়ে প্রদর্শনী ফুটবল ম্যাচ/দেশীয় খেলার আয়োজন।<br>খ) প্রদর্শনী ক্রিকেট/ভলিবল ম্যাচের আয়োজন। | ক) মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, বাংলাদেশ ফুটবল ফেডারেশন।<br>খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, বাংলাদেশ ক্রিকেট বোর্ড। |
| ২৬। | ২৬-৩-২০২১ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে স্মারক ডাক টিকিট প্রকাশ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ ডাক অধিদপ্তর |
| ২৭। | ২৬-০৩-২০২১ | বাংলা একাডেমী, শিল্পকলা একাডেমী, নজরুল ইন্সটিটিউট, জাতীয় জাদুঘর, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কালচারাল একাডেমী, বিরিশিরি (নেত্রকোনা), মনিপুরী একাডেমী, মুক্তিযুদ্ধ জাদুঘর, বাংলাদেশ পুলিশ সাংস্কৃতিক পরিষদ, ছায়ানট, উদীচি, সম্মিলিত সাংস্কৃতিক জোট এবং বুলবুল ললিতকলা একাডেমী ইত্যাদি বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন কর্তৃক জেলা ও উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ পুলিশ, বাংলা একাডেমী, শিল্পকলা একাডেমী, নজরুল ইন্সটিটিউট, জাতীয় জাদুঘর, ইসলামিক ফাউন্ডেশন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কালচারাল একাডেমী, বিরিশিরি (নেত্রকোনা), মনিপুরী একাডেমী, মুক্তিযুদ্ধ জাদুঘর, ছায়ানট, উদীচি, বুলবুল ললিতকলা একাডেমী, সম্মিলিত সাংস্কৃতিক জোট কর্তৃপক্ষ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |

অপর পৃষ্ঠা-৬ সদয় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা পর-

| | | | |
|---|---|---|---|
| ২৮। | ২৬-০৩-২০২১ | ঢাকাসহ দেশের সব জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে বিনা টিকিটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তনে, উন্মুক্ত স্থানে মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন। | প্রতিরক্ষা মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |

৪.১। উল্লিখিত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সমন্বয়কের ভূমিকা পালন করবে।

৪.২। আগামি ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবসের জাতীয় কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ২টি কমিটি এবং ২টি উপকমিটি গঠনের প্রস্তাব করা হয়ঃ-

(১) <u>২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন সংক্রান্ত স্টিয়ারিং কমিটিঃ</u>

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | | - | আহবায়ক |
| ২। | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিচে নহে) | | - | সদস্য |
| ৩। | সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৪। | সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৫। | সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৬। | সিনিয়র সচিব, অর্থ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৭। | সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | | সদস্য |
| ৮। | সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | | সদস্য |
| ৯। | সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ১০। | সচিব, মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিচে নহে) | | - | সদস্য |
| ১১। | সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিচে নহে) | | - | সদস্য |
| ১২। | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৩। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | ঐ | - | সদস্য |
| ১৪। | সচিব, তথ্য মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৫। | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৬। | সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৭। | সচিব, বিদ্যুৎ বিভাগ | ঐ | - | সদস্য |
| ১৮। | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ঐ | - | সদস্য |
| ১৯। | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ঐ | - | সদস্য |
| ২০। | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২১। | সচিব, বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২২। | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৩। | সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৪। | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৫। | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৬। | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | ঐ | - | সদস্য |
| ২৭। | সচিব, বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৮। | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৯। | সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৩০। | সচিব, বেসামরিক বিমান ও পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৩১। | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৩২। | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | ঐ | - | সদস্য |
| ৩৩। | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৩৪। | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ঐ | - | সদস্য |

অপর পৃষ্ঠা-৭ সদয় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা পর-

| | | | |
|---|---|---|---|
| ৩৫। | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | - | সদস্য |
| ৩৬। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ | - | সদস্য |
| ৩৭। | প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | - | সদস্য |
| ৩৮। | প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর | - | সদস্য |
| ৩৯। | বিভাগীয় কমিশনার, ঢাকা | - | সদস্য |
| ৪০। | মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর | - | সদস্য |
| ৪১। | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | - | সদস্য |
| ৪২। | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | - | সদস্য |
| ৪৩। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট | - | সদস্য |
| ৪৪। | মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল | - | সদস্য |
| ৪৫। | প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল | - | সদস্য |
| ৪৬। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৪৭। | মহা-পুলিশ পরিদর্শক এর একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৪৮। | এ্যাডজুটেন্ট-জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনীর একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৪৯। | প্রতিরক্ষা গোয়েন্দা মহা পরিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৫০। | জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৫১। | পুলিশ কমিশনার, ডিএমপি-এর একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৫২। | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২০ উদযাপন সংক্রান্ত উপ-কমিটির সকল আহবায়ক | - | সদস্য |
| ৫৩। | জেলা প্রশাসক, ঢাকা | - | সদস্য |
| ৫৪। | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ৫৫। | বাংলাদেশ স্কাউটসের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫৬। | অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য সচিব |

**<u>কমিটির কার্যপরিধি</u>**

(ক) কমিটি ২৫ মার্চ গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের সকল কর্মসূচি বাস্তাবায়নে সার্বিক তত্ত্বাবধান এবং সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

অপর পৃষ্ঠা-৮ সদয় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা পর-

**(২) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপনে সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণ ব্যবস্থাপনা কমিটিঃ**

| | | | |
|---|---|---|---|
| ১। | জিওসি ৯ পদাতিক ডিভিশন, বাংলাদেশ সেনাবাহিনী, সাভার, ঢাকা | - | আহবায়ক |
| ২। | মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৩। | মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | মন্ত্রিপরিষদ বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | জননিরাপত্তা বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮। | সুরক্ষা সেবা বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৯। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | এ্যাডজুটেন্ট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১১। | বাংলাদেশ নৌ-বাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২। | বাংলাদেশ বিমান বাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৩। | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৪। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপদ বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৫। | মহা-পুলিশ পরিদর্শকের একজন উপযুক্ত প্রতিনিধি (এসবি) | - | সদস্য |
| ১৬। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৭। | প্রশাসক বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল | - | সদস্য |
| ১৮। | উপ-মহা পুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ | - | সদস্য |
| ১৯। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), ঢাকা | - | সদস্য |
| ২০। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ২১। | জেলা প্রশাসক, ঢাকা | - | সদস্য |
| ২২। | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ২৩। | প্রধান বৃক্ষপালন বিদ, আরবরি কালচার, গণপূর্ত অধিদপ্তর | - | সদস্য |
| ২৪। | উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা | - | সদস্য |
| ২৫। | রেঞ্জ কমান্ডার, আনসার ও ভিডিপি, ঢাকা | - | সদস্য |
| ২৬। | কমিটির আহবায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

(ক) সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণের সার্বিক কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

অপর পৃষ্ঠা-৯ সদয় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা পর-

(৩) ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২১ পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপনে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রণয়ন এবং শিশু-কিশোর সমাবেশ, বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচার, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসের তাৎপর্যের উপর আলোচনা ও সংবাদপত্রসমূহে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত উপ-কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয় | - | আহবায়ক |
| ২। | মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৩। | মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | তথ্য অধিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | গণযোগাযোগ অধিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৮। | বাংলাদেশ টেলিভিশনের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৯। | বাংলাদেশ বেতারের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | মুক্তিযুদ্ধ জাদুঘরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ১১। | চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |

<u>উপ-কমিটির কর্মপরিধিঃ</u>

(ক) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২০ উদযাপন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রণয়ন এবং প্রচারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(খ) শিশু-কিশোর সমাবেশ অনুষ্ঠান বেতার ও টেলিভিশনে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ;

(গ) ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ;

(ঘ) সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র/পোষ্টার প্রকাশ;

(ঙ) বাংলাদেশের জাতীয় পতাকার সঠিক মাপ ও রং ঠিক রেখে জাতীয় পতাকা উত্তোলনের বিধি বিধান জনসাধারণের জ্ঞাতার্থে বেতার ও টেলিভিশনে সম্প্রচারের ব্যবস্থা;

(চ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতির জন্য ২৩ থেকে ২৫ মার্চ ২০২১ জাতীয় স্মৃতিসৌধ বন্ধ রাখার বিষয়টি জনগনকে অবহিত করণের নিমিত্ত প্রচারের ব্যবস্থা;

(ছ) কোন অতিরিক্ত সচিবকে আহবায়ক হিসেবে দায়িত্ব প্রদান করা হবে তা তথ্য মন্ত্রণালয় নির্ধারণ করবে;

(জ) ২৫-০৩-২০২১ তারিখে সারা দেশে রাত ৯-০০ থেকে ৯-০১ পর্যন্ত ০১ মিনিটের জন্য প্রতীকি ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) এর বিষয়টি জনগনকে অবহিত করণের নিমিত্ত প্রচারের ব্যবস্থা।

(ঝ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(৪) ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপনে ঢাকাস্থ আইন-শৃঙ্খলা ব্যবস্থাপনা সংক্রান্ত উপ-কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা। | - | আহবায়ক |
| ২। | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি (রাষ্ট্রাচার অনুবিভাগ) | - | সদস্য |
| ৩। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | বিদ্যুৎ বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮। | ডিআইজি, ঢাকার একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৯। | জেলা প্রশাসক, ঢাকার একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ১১। | ডিজিএফআই এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২। | এনএসআই এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৩। | স্পেশাল ব্রাঞ্চের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৪। | জেলা কমান্ডার, আনসার ও ভিডিপি, ঢাকা | - | সদস্য |
| ১৫। | র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান সদর দপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৬। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৭। | আহবায়ক মনোনীত একজন কর্মকর্তা | - | সদস্য সচিব |

অপর পৃষ্ঠা-১০ সদয় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা পর-

<u>উপ-কমিটির কার্যপরিধিঃ</u>

(ক) কমিটি মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে ট্রাফিক নিয়ন্ত্রণ এবং নিরাপত্তা ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় বিষয় তত্ত্বাবধান ও সমন্বয় করবে।

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৫। সভাপতি মহোদয় বলেন যে, এ খসড়া জাতীয় কর্মসূচি মাননীয় প্রধানমন্ত্রীর নিকট অনুমোদনের নিমিত্ত প্রেরণ করা হবে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পর কর্মসূচি সম্পর্কিত সিদ্ধান্ত সকলকে অবহিত করা হবে। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত ও ভার্চুয়াল মাধ্যমে অংশগ্রহণকারী সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে ২৫ মার্চ ২০২১ গণহত্যা দিবস ও ২৬ মার্চ ২০২১ মহান স্বাধীনতা দিবস এর সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়নে সকলের সহযোগিতার আশাবাদ ব্যক্ত করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-০৮/০২/২০২১

**(আ. ক. ম মোজাম্মেল হক, এমপি)**

**মন্ত্রী**

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।**

স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২০২১-১৮

তারিখ: ০৩ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সেনাবাহিনী প্রধান, বাংলাদেশ সেনাবাহিনী/নৌ-বাহিনী প্রধান, বাংলাদেশ নৌ-বাহিনী/বিমান বাহিনী প্রধান, বাংলাদেশ বিমান বাহিনী, সদর দপ্তর, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা ।

০৩। সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরেবাংলানগর, ঢাকা/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা/ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/ জননিরাপত্তা বিভাগ/ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ/ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ/ পানি সম্পদ মন্ত্রণালয়/ অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলানগর, ঢাকা/কৃষি মন্ত্রণালয়/ সুরক্ষা সেবা বিভাগ/পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা/ প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, সেনানিবাস, ঢাকা/মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।

০৪। রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা/ প্রধানমন্ত্রীর সামরিক সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা/ জিওসি, ৯ পদাতিক ডিভিশন, সাভার সেনানিবাস, ঢাকা।

০৫। সচিব/ভারপ্রাপ্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/বাণিজ্য মন্ত্রণালয়/শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা/সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা/জনপ্রশাসন মন্ত্রণালয়/ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/ রেলপথ মন্ত্রণালয়/বস্ত্র ও পাট মন্ত্রণালয়/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/খাদ্য মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/পরিকল্পনা বিভাগ/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও/পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/স্বাস্থ্য সেবা বিভাগ/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/নৌ-পরিবহন মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/ বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ/পরিসংখান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা/বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/ডাক ও টেলি-যোগাযোগ বিভাগ/পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ/তথ্য মন্ত্রণালয়/দুর্নীতি দমন কমিশন/ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/ ভূমি মন্ত্রণালয়/সমাজ কল্যাণ মন্ত্রণালয়।

০৬। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহা-পরিদপ্তর, ঢাকা/জাতীয় নিরাপত্তা গোয়েন্দা(এনএসআই), ঢাকা/বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা/আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা/কোস্ট গার্ড, আগারগাঁও, ঢাকা।

০৭। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা ।

০৮। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

০৯। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।

১০। মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, ফুলবাড়ীয়া, ঢাকা/বিএনসিসি, উত্তরা, ঢাকা ।

অপর পৃষ্ঠা-১১ সদয় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা পর-

১১। কারা মহা-পরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

১২। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।

১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা।

১৪। বিভাগীয় কমিশনার, ঢাকা।

১৫। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর/বাংলাদেশ টেলিভিশন, রামপুরা/বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।

১৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান-২, ঢাকা/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।

১৭। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা।

১৮। জেলা প্রশাসক (সকল)।

১৯। পুলিশ সুপার, ঢাকা।

২০। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা/ট্রাস্টি,মুক্তিযুদ্ধ যাদুঘর,আগারগাঁও, ঢাকা/নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা।

২১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

২২। প্রধান বৃক্ষপালনবিদ, আরবরি কালচার, সেগুন বাগিচা, ঢাকা।

২৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১৬/০২/২১

(দেবাশীষ নাগ)
উপসচিব (প্রশাসন-১)
টেলিফোন-৯৫৭৮৬৪৮
info.molwa@yahoo.com

স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২০২১- ১৮

তারিখ: ০৩ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।

০৩। সিনিয়র তথ্য কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০৪। সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৫। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০৬। অফিস কপি/মাস্টার ফাইল।

১৬/০২/২১

(দেবাশীষ নাগ)
উপসচিব (প্রশাসন-১)